

স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে আমি কিভাবে সর্বশেষ তথ্যাদি সম্পর্কে অবহিত থাকব?

(How can I keep up to date with Health and Safety?)

স্বাস্থ্য ও নিরাপত্তা আইনসমূহের বিষয়ে বেশ কিছু উপায় আছে যার মাধ্যমে আপনি নিজেকে সর্বশেষ তথ্যাদি সম্পর্কে অবহিত রাখতে পারেন।

এইচএসই নিউজ বুলেটিন,

এটা হলো কর্মস্থলে স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত অনেক ধরনের বিষয়ে এইচএসই-র প্রেস অফিসের জারী করা সকল পেস রিলিজের সাপ্তাহিক সংকলন। বর্তমানে ১২ মাসের জন্য গ্রাহক হবার খরচ £50.

• এইচএসই প্রেস রিলিজসমূহ

গ্রাহক সেবাসমূহ

বর্তমানে HSE Books থেকে বেশ কিছু গ্রাহক সেবা পাওয়া যাচ্ছে। বিশেষ করে তিনটি রয়েছে যা কর্মস্থলে স্বাস্থ্য ও নিরাপত্তার সকল দিকের ওপর সাধারণ তথ্য দিয়ে থাকে :

New Books News

নতুন বই-এর খবরাখবর

এটি বর্তমানে বিনামূল্যে প্রদত্ত গ্রাহক সেবা। একটি নিয়মিত নিউজলেটারে এজই/উ-র নতুন প্রকাশনাসমূহের এবং সংশ্লিষ্ট পার্লামেন্ট প্রকাশনা, যেমন Statutory Instruments and Regulations সম্পর্কে বিস্তারিত তথ্য দেয়া হয়। এই সার্ভিসের ফলে নতুন এইচএসই প্রকাশনাগুলোর পরবর্তী ক্যাটালগ বাজারে পাবার পূর্বেই আপনি তথ্যাদি অবহিত হতে পারবেন।

স্বাস্থ্য ও নিরাপত্তা কমিশন নিউজলেটার

এই নিউজলেটার দ্বি-মাসিক ও সম্পূর্ণ রঙ্গীন, যা স্বাস্থ্য ও নিরাপত্তা প্রশ্ন নিয়ে যাঁরা চিন্তিত, তাঁদের সবাইকে একক সূত্রে প্রাপ্ত তথ্য সরবরাহ করে থাকে। যেসব বিষয়ে তথ্য প্রতিবেদন থাকে তার মধ্যে আছে জাতীয় ও আন্তর্জাতিক নিরাপত্তা ইস্যুর উপর খবরাখবর, ইউরোনিউজ- ইউরোপের স্বাস্থ্য ও নিরাপত্তা চিত্র এবং তা কিভাবে বৃটেনের ব্যবসাবাণিজ্যকে প্রভাবিত করে, আইন ও নতুন আচরণ বিধি, ব্যাপক মাত্রার শিল্প উৎপাদন প্রক্রিয়া ও বিপদ সম্পর্কে দিকনির্দেশনা, স্বাস্থ্য ও নিরাপত্তা কমিশন / নির্বাহী Health and Safety Commission/Executive-এর প্রকাশনা এবং দুর্ঘটনাসমূহের রিপোর্ট এবং কিভাবে সেগুলো সম্ভবত পরিহার করা যেত। ছয়টি ইস্যুর একক গ্রাহক হবার খরচ £15.00। একাধিক বা অতিরিক্ত গ্রাহকদের জন্য মূল্য ছাড় এর ব্যবস্থা আছে।

• HSE Direct

(এইচএসই সরাসরি)

এটি একটি গ্রাহকভিত্তিক সেবা, যা ইন্টারনেটের মাধ্যমে প্রবেশযোগ্য এবং শীঘ্রই সিডিরম-এ পাওয়া যাবে, যাতে স্বাস্থ্য ও নিরাপত্তা তথ্যাদি তাৎক্ষণিকভাবে দেখা যাবে। সিডিরম ছাড়ার তারিখ এখনও ঘোষণা করা হয়নি।

একটি বিনামূল্যে সেবার এলাকাও আছে যাতে রয়েছে খবরের শিরোনাম সম্পর্কিত সেবা, বিভিন্ন অনুষ্ঠানের দিন তারিখ সম্বলিত ডায়েরী, এইচএসই প্রেস রিলিজসমূহ এবং পরামর্শমূলক ডকুমেন্ট ইত্যাদি। এই সাইটে হেল্প সুবিধা এবং সব সময় জিজ্ঞাসিত এক সেট প্রশ্নের জবাব পাওয়া যাবে।

গ্রাহক চাঁদা বা মূল্য পরিশোধের এলাকায় রয়েছে প্রণীত আইন (এ্যাক্ট, রেগুলেশন্স ও ইইউ নির্দেশাবলী), এইচএসই-র নির্ধারিত মূল্যের প্রকাশনা (HSG এবং L সিরিজ) এবং ফরম সমূহ। এক দিনব্যাপী টিকেটের ব্যস্থা £20 + VAT এবং বার্ষিক গ্রাহকের ফি হচ্ছে £241 + VAT । ছাড়কৃত মূল্যে বহুজনের ব্যবহার্য গ্রাহক সেবাও রয়েছে।